

Chapter 31

지만 (সামনের বাক্য ও পেছনের বাক্য সংযোগ করে সামনের বাক্যে কিছু বলা হয় ও পেছনের বাক্যে তার বিপরীত বলতে)

★(কিন্তু/তবে/হলেও/ হওয়া স্বত্বেও)—অর্থ প্রকাশ করে★

지만 ক্রিয়াপদ ও বিশেষণ পদের সাথে বসে সামনের বাক্য এবং পেছনের ভিন্ন অর্থ প্রকাশকারী বাক্যকে সংযোগ করার ক্ষেত্রে ব্যবহৃত হয়। **지만** এর সামনের বাক্যে যা বলা হবে পেছনের বাক্যে তার উল্টো বলা হয়। ক্রিয়াপদ বা বিশেষণ পদের বাচ্ছিম থাকুক বা না থাকুক সবক্ষেত্রেই **지만** ব্যবহৃত হয়। তবে, নাউনের সাথেও ব্যবহার করা যায় এক্ষেত্রে নাউনটির বাচ্ছিম থাকলে (이)지만 ব্যবহার করতে হবে আর বাচ্ছিম না থাকলে শুধু **지만** ব্যবহার করতে হবে।

যেমন-

- ❖ 가: 수루 씨 고향의 여름 날씨는 어때요? সুরু আপনার দেশের বাড়ির গ্রীষ্মকালীন আবহাওয়া কেমন?
- ❖ 나: 30도까지 기온이 올라가지만 습도가 낮아서 많이 덥지 않아요. ৩০ ডিগ্রী পর্যন্ত তাপমাত্রা ওঠে কিন্তু আদ্রতা কম হওয়ার কারণে বেশি গরম লাগে না।
- ❖ 가: 인디카 씨 고향은 서울하고 비슷해요? ইন্ডিকা আপনার দেশ কি সিউলের মত?
- ❖ 나: 아니요, 서울에는 사람이 많지만 우리 고향에는 사람이 별로 없어요. না, সিউলে লোকসংখ্যা বেশি কিন্তু আমাদের দেশে লোকসংখ্যা তেমন নাই।

보다(নাউনের সাথে নাউনের তুলনা করতে ব্যবহৃত হয়)

★(তুলনায়/চেয়ে/হতে)★

보다 সামনের বিশেষ্য পদের সাথে যুক্ত হয়ে পেছনের বিশেষ্য পদের সাথে তুলনা করতে ব্যবহৃত হয়। সামনের বিশেষ্য পদের সাথে লেগে সেটার চেয়ে পেছনের বিশেষ্য পদটি ছোট/বড়/ভালো/খারাপ/ঠান্ডা/গরম ইত্যাদি বুঝায়। বাচ্ছিম থাকুক বা না থাকুক সবক্ষেত্রেই **보다** ব্যবহৃত হয়।

যেমন-

- ❖ 가: 모니카 씨의 고향은 서울보다 커요? মোনিখার দেশ কি সিউলের চেয়ে বড়?
- ❖ 나: 아니요, 서울보다 작아요. না, সিউলের চেয়ে ছোট।
- ❖ 가: 오늘 날씨가 참 춥네요. আজকে আবহাওয়া সত্যিই ঠান্ডা।
- ❖ 나: 네, 어제보다 기온이 내려갔어요. হ্যাঁ, গতকালের চেয়ে তাপমাত্রা নেমে গেছে।
- ❖ 제 동생이 저보다 키가 커요. আমার ছোট ভাই/বোন আমার চেয়ে উচ্চতায় বড়।

Chapter 32

(으)ㄴ (বিশেষণের পেছনে বসিয়ে বিশেষ্যকে অলঙ্কৃত করতে ব্যবহৃত হয়)

(으)ㄴ বিশেষণ পদের সাথে যুক্ত হয়ে বিশেষ্যকে অলঙ্কৃত করতে সাহায্য করে। অ্যাডজেক্টিভটির সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 은 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা = বাচ্ছিম থাকলে ㄴ যুক্ত

করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা। তবে ㅁ এবং ㅂ দিয়ে শেষ হওয়া অ্যাডজেক্টিভের সাথে ㅁ ㅁ এবং ㅂ ㅂ এর সাথে শুধু ㅁ ব্যবহৃত হয়।

যেমন-

- ❖ 가: 누가 지민 씨예요? জিমিন কে?
- ❖ 나: 저기 키가 작은 사람이예요. ওখানের খাটো লোকটি।
- ❖ 가: 이 근처에 맛있는 식당이 없어요? কাছাকাছি মজাদার রেস্টুরেন্ট আছে?
- ❖ 나: 서울 식당에 가 보세요. 불고기가 아주 맛있어요. সিউল রেস্টুরেন্ট গিয়ে দেখুন।
বুলখোগী খুবই মজাদার/সুস্বাদু।
- ❖ 가: 리한 씨, 배가 많이 아파요? রিহান, পেটে কি অনেক ব্যথা করছে?
- ❖ 나: 네, 아까 찬 것을 많이 먹어서 그런 것 같아요. হ্যাঁ, একটু আগে ঠান্ডা জিনিস বেশি
খাওয়াতে এমন হচ্ছে মনে হয়।

아서/어서 (সময়ের দিক থেকে সামনের কাজটি আগে সংঘটিত হয়ে পেছনের কাজটি পরে সংঘটিত হওয়া
বুঝায়)

★(খেয়ে/ গিয়ে/ কিনে)-অর্থ প্রকাশ করে★

আমরা এর আগের যে 아서/어서 শিখেছিলাম সেটার থেকে আজকের 아서/어서 ভিন্ন। 아서/어서
ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে সময়ের দিক থেকে সামনের কাজটি আগে সংঘটিত হয়ে পেছনের কাজটি পরে
সংঘটিত হওয়া বুঝায়। অর্থাৎ 아서/어서 এর সামনে একটি ক্রিয়া এবং পেছনে একটি ক্রিয়া থাকে এবং দুটি
ক্রিয়ার মধ্যে সম্পর্ক থাকে। ভাবটির সর্বশেষ অক্ষর ㅏ, ㅑ হলে 아서 এবং ㅓ, ㅕ ছাড়া বাদ বাকী স্বরবর্ণ
থাকলে 어서 যুক্ত হবে। শুধু 하다 থাকলে 해서 হবে।

যেমন-

- ❖ 가: 양파는 어떻게 해요? পেয়াজ কি করব?
- ❖ 나: 볶아서 넣으세요. ভেজে রাখুন।
- ❖ 가: 이 음식은 어떻게 먹어요? এই খাবার কিভাবে খায়?
- ❖ 나: 끓여서 먹으면 돼요. সিদ্ধ করে খেলে হবে।
- ❖ 가: 가족들에게 선물을 보냈어요? পরিবারের লোকদের কাছে উপহার পাঠিয়েছেন?
- ❖ 나: 네, 옷을 사서 보냈어요. হ্যাঁ, কাপড় কিনে পাঠিয়েছি।

Chapter 33

ㄹ (অনুমান করে কথা বলার ক্ষেত্রে ব্যবহৃত হয়)

★অনুমান করে কথা বলতে ব্যবহার করা হয়★

ㄹ ক্রিয়াপদ বা বিশেষণ পদের পেছনে যুক্ত হয়ে বর্তমান সময়কার পরিস্থিতি বা অবস্থা দেখে অনুমান করে কথা
বলতে ব্যবহার করা হয়। এছাড়াও অতীত সম্পর্কে অনুমান করতে ㄹ এর সামনে ㅁ/ㅂ যুক্ত করতে হয়। ভাব
বা অ্যাডজেক্টিভটির বাচ্ছিম থাকুক বানা থাকুক সবসময় ㄹ বসবে।

যেমন-

- ❖ 가: 설날에 한국 친구 집에 초대를 받았어요. নববর্ষে কোরিয়ান বন্ধুর বাড়িতে আমন্ত্রণ পেয়েছি।
- ❖ 나: 정말 좋겠어요. সত্যি ভালো লাগছে মনে হয়।
- ❖ 가: 요즘 일이 너무 많아요. ইদানিং কাজ খুব বেশি।
- ❖ 나: 바쁘겠어요. ব্যস্ত মনে হয়।
- ❖ 가: 지난주에 제주도도 여행을 다녀왔어요. গত সপ্তাহে জেজুদো থেকে ভ্রমণ করে এসেছি।
- ❖ 나: 정말 재미있었겠어요. সত্যি আনন্দ হয়েছিলো মনে হয়।

는 (ভার্ব এর পেছনে বসিয়ে বিশেষ্যকে অলঙ্কৃত করতে ব্যবহৃত হয়)

는 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে বিশেষ্যকে অলঙ্কৃত করে। ভার্বটির বাচ্ছিম থাকুক বা না থাকুক সবসময় 는 বসবে। তবে = বাচ্ছিম থাকলে লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবে না।

যেমন-

- ❖ 가: 바루 씨는 무슨 일을 하세요? বারু, আপনি কি কাজ করেন?
- ❖ 나: 저는 가구를 만드는 일을 해요. আমি আসবাবপত্র বানানোর কাজ করি।
- ❖ 가: 요즘 날씨가 참 따뜻하지요? ইদানিং আবহাওয়া সত্যি উষ্ণ হয়েছে তাই না?
- ❖ 나: 네, 그래서 밖에서 운동하는 사람이 많네요. হ্যাঁ, তাই বাইরে ব্যায়াম করার মানুষ বেশি।
- ❖ 가: 한국 사람들은 명절에 보통 뭐 해요? কোরিয়ানরা উৎসবে সাধারণত কি করে?
- ❖ 나: 고향에 내려가는 사람이 많아요. দেশের বাড়িতে যাওয়া লোক বেশি।

Chapter 34

는 게 어때요 (কোনো কাজ করতে পরামর্শ বা উপদেশ দেয়া বুঝায়)

★(-লে কেমন হয়?)—অর্থ প্রকাশ করে★

는 게 어때요 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে অপর পক্ষকে সে কাজটি করতে পরামর্শ দেয়া বা উপদেশ দেয়া বুঝায়। সাধারণত এটি প্রশ্নবোধক বাক্যে ব্যবহৃত হয়। ভার্বটির বাচ্ছিম থাকুক বা না থাকুক সবসময় 는 게 어때요 বসবে। তবে = বাচ্ছিম থাকলে লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবে না।

যেমন-

- ❖ 가: 지금 밥을 먹을까요? এখন কি ভাত খাবেন?
- ❖ 나: 영화를 본 후에 밥을 먹는 게 어때요? মুভি দেখার পরে ভাত খেলে কেমন হয়?
- ❖ 가: 주말에 어디로 여행을 갈까요? সপ্তাহের শেষে কোথায় ভ্রমণ করবেন?
- ❖ 나: 제주도에 가는 게 어때요? জেজুদোয়ে গেলে কেমন হয়?
- ❖ 가: 주말에 친구 집들이가 있는데 무슨 선물이 좋을까요? সপ্তাহের শেষে বন্ধুর নতুন বাড়িতে ওঠার পার্টি আছে, কোন উপহার ভালো হবে?
- ❖ 나: 세제나 휴지를 사는 게 어때요? ডিটারজেন্ট অথবা টিস্যু কিনলে কেমন হয়?

고 나서 (একটি কাজ শেষ হওয়ার পরে আর একটি শুরু হওয়া বুঝায়)

★(পরে)—অর্থ প্রকাশ করে★

고나서 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে একটি কাজ শেষ হওয়ার পরে আর একটি শুরু হওয়া বুঝায়। ভাবটির বাচ্ছিম থাকুক বা না থাকুক সবসময় 고 나서 ব্যবহৃত হবে।

যেমন-

- ❖ 가: 모니카 씨, 당근하고 양파는 어떻게 할까요? মনিকা, গাজর এবং পেয়াজ কি করব?
- ❖ 나: 고기를 삶고 나서 볶으세요. মাংস সিদ্ধ করার পরে ভেজে দিন।
- ❖ 가: 미영 씨, 언제 밥 먹을 거예요? মিইয়ং, কখন ভাত খাবেন?
- ❖ 나: 이 일을 끝내고 나서 먹으러 갈 거예요. এই কাজটা শেষ করার পরে খেতে যাব।

- (으)ㄴ 후에 오고 나서 এর অর্থ একই হলেও কিছুটা পার্থক্য বিদ্যমান।
- (으)ㄴ 후에 ভাব এবং নাউনের সাথেও ব্যবহার করা যায়, নাউনের সাথে ব্যবহার করার সময় শুধু 후에 ব্যবহার করতে হয়। অন্যদিকে고 나서 শুধুমাত্র ভাব এর সাথে ব্যবহার করা যায়।

Chapter 35

잡아요 (শ্রোতা ও বক্তার কোনো বিষয় জানা আছে বুঝাতে)

★(জানেনই তো)—অর্থ প্রকাশ করে★

잡아요 ক্রিয়া, বিশেষণ ও বিশেষ্য পদের পেছনে যুক্ত হয়ে শ্রোতা ও বক্তার সেই বিষয়টি জানা আছে বুঝায়। তবে নাউনের সাথে ব্যবহার করার সময় নাউনটির বাচ্ছিম থাকলে 이잡아요 এবং বাচ্ছিম না থাকলে শুধু 잡아요 ব্যবহার করতে হবে। এই গ্রামারটি বন্ধু, সমবয়সী বা সহকর্মীদের সাথে ব্যবহার করা যায় তবে বয়স্কদের সাথে ব্যবহার করা যায় না।

যেমন-

- ❖ 가: 모니카 씨, 이 사과 어디에서 샀어요? এই আপেল কোথায় থেকে কিনেছেন?
- ❖ 나: 시장에서 샀어요. 시장이 싸잡아요. বাজার থেকে কিনেছি। বাজারে সস্তা।
- ❖ 가: 투안 씨, 왜 우산을 가지고 왔어요? তুয়ান, কেন ছাতা নিয়ে এসেছেন?
- ❖ 나: 밖을 보세요. 비가 오잡아요. বাহিরে দেখুন। বৃষ্টি আসছে।

는/(으)ㄴ 것 같다(বর্তমানের কোনো অবস্থা সম্পর্কে অনুমান করা বা নিজের চিন্তাকে নম্রতার সাথে তুলে ধরতে)

★(মনে হয়)—অর্থ প্রকাশ করে★

는/(으)ㄴ 것 같다 क्रियापद एवं विशेषण पदोंर पेछने युक्त हये वर्तमानेर कोनो घटना देते वा अवस्था सम्पर्के अनुमान करा वा निजेर चिन्ता वा युक्तिके नम्नतार साथे तुले धरते ব্যবहृत हय। भाव वा 있다/없다 एर साथे 는 것 같다 एवं अयाडजेक्तिभेर बाह्मि थकले वा व्याञ्जनवर्ण दिये शेष हले 은 것 같다 ও बाह्मि ना थकले वा स्वरवर्ण दिये शेष हले ㄴ 것 같다 युक्त करते हय।

যেমন-

- ❖ 가: 모니카 씨는 항상 주말에 친구들을 만나요. মোনিকা সব সময় সপ্তাহান্তে বন্ধুদের সাথে দেখা করে।
- ❖ 나: 친구가 아주 많은 것 같아요. বন্ধু খুব বেশি মনে হয়।
- ❖ 가: 방가 씨가 한국어 실력이 많이 늘었어요. বাংলা শীর কোরিয়ান ভাষার দক্ষতা অনেক বেড়েছে।
- ❖ 나: 요즘 한국어를 열심히 공부하는 것 같아요. ইদনিং কোরিয়ান ভাষা মনোযোগ সহকারে অধ্যয়ন করছে মনে হয়।